JAN. 12 2001

ভোরের কাগজ

# দুস্থ মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি দেবে মুক্তিযুদ্ধ জাদুঘর

**কাগজ প্রতিবেদক :** দুস্থ মুক্তিযোদ্ধার সন্তানদের লেখাপড়ার জন্য মুক্তিযুদ্ধ জাদুঘর বৃত্তি প্রদান কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচি বাস্তবায়নে প্রথমবারের মতো এ বছরের আর্থিক সহায়তা প্রদান করছে ইংল্যান্ডের ম্যানচেস্টার শহরস্থ একটি সামাজিক সংগঠন 'চেতনা'।

গতকাল বৃহস্পতিবার সকালে 'চেতনা'-এর সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান মুক্তিযুদ্ধ জাদুঘরের দুস্থ মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান কর্মসূচির তহবিলে চলতি বছরের (২০০১) জন্য বরাদ্দকৃত ১২ হাজার টাকা জাদুঘরের পরিচালক আক্কু চৌধুরীকে হস্তান্তর করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সৈয়দ মাহমুদুর রহমান ও জাদুঘরের অন্যতম ট্রাস্টি আসাদুজ্জামান নূর।

মুক্তিযুদ্ধ জাদুঘর দুস্থ মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান কর্মসূচির জন্য আগ্রহী ব্যক্তি-প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ সংগ্রহ করবে। কর্মসূচি পরিচালনাও করবে জাদুঘর কর্তৃপক্ষ। সংগৃহীত তহবিলের সাপেক্ষে এক বা একাধিক দুস্থ মুক্তিযোদ্ধার সন্তানদের লেখাপড়ার জন্য প্রতি বছরের জানুয়ারি মাসে এই শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। শিক্ষা বৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রীদের জাদুঘর প্রয়োজনীয় দেখাশোনা ও ফলাফল পর্যালোচনা করবে।

এ দিকে গতকালের অনুষ্ঠানে দুস্থ মুক্তিযোদ্ধা অরবিন্দ চন্দকে চেতনার পক্ষ থেকে সৈয়দ মাহমুদুর রহমান ৫ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান করেন।